

বেপজা পাবলিক স্কুল ও কলেজ, চট্টগ্রাম ইপিজেড

এস এস সি মডেল টেস্ট-১/২০২২

ব্যবসায় উদ্যোগ

সময়: ১ ঘণ্টা ১০ মিনিট

পূর্ণমান:(২০+১০)=৩০ নম্বর

সৃজনশীল-২০

(প্রতিটি প্রশ্নের উত্তর দিতে হবে।)

- ০১। সাথি, রাথি ও আথি তিনজন ব্যবসায় করার জন্য পারস্পরিক চুক্তিবদ্ধ হন। সকলে সমানভাবে ব্যবসায়ের অর্থ বিনিয়োগ করেন এবং মুনাফাও সমানভাবে বণ্টন করে নেবেন। তিনজনই কারবার পরিচালনায় অংশ নেন। সাথি ও তার বন্ধুরা প্রতিষ্ঠাটি নিবন্ধিত করেন।
- ক) বাংলাদেশে কত সালের অংশীদারি আইন প্রচলিত ?
- খ) প্রত্যক্ষ সম্পর্ক একমালিকানা কারবারে জরুরি কেন ? ব্যাখ্যা করো।
- গ) উদ্দীপকে উল্লিখিত সাথি, রাথি ও আথি কোন ধরনের অংশীদার? বর্ণনা করো।
- ঘ) উদ্দীপকের সংগঠনটি নিবন্ধিত করার কারণ যুক্তিসহ বিশ্লেষণ করো।

- ০২। জনাব জাহিদ তার এক বন্ধুর কাছ থেকে কিছু পুঁজি নিয়ে জীবিকা অর্জনের উদ্দেশ্যে একটি পুকুরে মাছ চাষ করেন। জেলা সদরের পাকা রাস্তা তার পুকুরের পাশ দিয়ে যাওয়াতে মাছ দ্রুত শহরের বাজারে পৌঁছানো যায় এবং তিনি বেশ ভালো দামও পাচ্ছেন। ফলে অল্প সময়ের মধ্যে তিনি সাবলম্বী হয়ে ওঠেন।
- ক) ব্যবসায়ের সাফল্য লভ্যের অন্যতম পূর্ব শর্ত কী ?
- খ) কৃত্রিম ব্যক্তিস্বত্ব কী ? ব্যাখ্যা করো।
- গ) জনাব জাহিদের জীবিকা অর্জনের উপায়টি কী ? বর্ণনা করো।
- ঘ) জনাব জাহিদের সাবলম্বী হওয়ার কারণটি বিশ্লেষণ করো।

বহুনির্বাচনি-১০

- ০১। বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোর প্রতিবেদন ২০১০-এর মতে বাংলাদেশে মোট কর্মহীন লোকের সংখ্যা কত?
- ক) ২০ লক্ষ খ) ২৬ লক্ষ গ) ৩৬ লক্ষ ঘ) ৩০ লক্ষ

- ০২। দেশের মোট শ্রমশক্তির কত অংশ যুবক-যুবতী?
- ক) ২ ভাগের ১ খ) ৩ ভাগের ১
- গ) ৪ ভাগের ১ ঘ) ৫ ভাগের ১

- ০৩। আত্মকর্মসংস্থানের জন্য প্রয়োজন-
- i) স্বল্প পুঁজি ii) নিজস্ব চিন্তা iii) বুদ্ধিমত্তা ও দক্ষতা
- নিচের কোনটি সঠিক ?
- ক) i ও ii খ) i ও iii গ) ii ও iii ঘ) i, ii ও iii

- ০৪। কর্মসংস্থান কত প্রকার ?
- ক) ২ প্রকার খ) ৩ প্রকার
- গ) ৪ প্রকার ঘ) ৫ প্রকার

- ০৫। কর্মসংস্থানের প্রধান উৎস কোনটি?
- ক) চাকরি
- খ) সরকারি ও বেসরকারি প্রতিষ্ঠান
- গ) আত্মকর্মসংস্থান
- ঘ) ব্যবসায়

- ০৬। জাতীয় অর্থনীতিতে কৃষি খাতের অবদান কত?
- ক) ২০% খ) ৩০% গ) ৪০% ঘ) ৫০%

- ০৭। আত্মকর্মসংস্থানের সবচেয়ে বড় মূলধন কী?
- ক) নিজের দক্ষতা খ) পুঁজি গ) ঋণ ঘ) মনোবল

- ০৮। অংশীদারি ব্যবসায় কত সালের আইন দ্বারা পরিচালিত?
- ক) ১৯১৩ খ) ১৯২৩ গ) ১৯৩২ ঘ) ১৯৯৪

- ০৯। ইউরোপের শতকরা কত ভাগ ব্যবসায় এক মালিকানা?
- ক) ৮০% খ) ৭০% গ) ৬০% ঘ) ৫০%

- ১০। একমালিকানা ব্যবসায়ের দায় কীরূপ?
- ক) অসীম খ) সসীম গ) সীমাহীন ঘ) দায় নেই

